ঘুষের টাকায় পুলিশের পোশাক, ঘুষ খাওয়ার মন্তব্যে সেই এএসআই ক্লোজড

ছবি: সংগৃহীত

‘আমি পোশাক লাগিয়েছি ঘুষের টাকা দিয়ে, ঘুষ খাওয়ার জন্যই’—পুলিশের পোশাক ও ঘুষ নেওয়া নিয়ে এক এএসআইয়ের এমন মন্তব্যের ভিডিও সামাজিক যোগাযোগমাধ্যমে ছড়িয়ে পড়েছে। এ ঘটনায় হবিগঞ্জের চুনারুঘাট থানার সহকারী উপপরিদর্শক (এএসআই) মোহাম্মদ ইলিয়াস হোসাইনকে ক্লোজড করে পুলিশ লাইনে সংযুক্ত করা হয়েছে।

সোমবার (৫ অক্টোবর) রাতে পুলিশ প্রশাসন তাকে হবিগঞ্জ পুলিশ লাইনে সংযুক্ত করে।

স্থানীয়রা জানান, সম্প্রতি রানীগাঁও বাজারে একটি মামলার তদন্তে গিয়ে স্থানীয়দের সামনে ঘুষ নেওয়ার বিষয়ে ওই মন্তব্য করেন এএসআই ইলিয়াস। পরে ভিডিওটি সামাজিক যোগাযোগমাধ্যমে ছড়িয়ে পড়লে তাকে নিয়ে সমালোচনা শুরু হয়।

ভাইরাল ভিডিওতে ইলিয়াস হোসাইনকে বলতে শোনা যায়, ‘কিছু রটে দেখেই তো কিছু বটে! কথা বুঝছো না? আমি যদি বলি, আমি পুলিশের দারোগা, আমি ঘুষ খাই না, আমি বায়তুল মোকাররমের ইমাম সাহেব, হইবো নাকি? আমি পোশাক লাগিয়েছি ঘুষের টাকা দিয়ে, ঘুষ খাওয়ার জন্যই।’

স্থানীয়দের অভিযোগ, মামলা তদন্তসহ বিভিন্ন কাজে এএসআই ইলিয়াস ঘুষ দাবি করতেন। টাকা না দিলে হয়রানি ও ভয়ভীতি দেখানোর অভিযোগও রয়েছে তার বিরুদ্ধে। তবে এসব অভিযোগ ও ভিডিও নিয়ে এএসআই ইলিয়াস হোসাইনের বক্তব্য পাওয়া যায়নি।